

শিক্ষার্থীদের বিক্ষোভের মুখে হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ে ছুটি হল ছাড়ার নির্দেশ, শিক্ষকেরা অবরুদ্ধ

দিনাজপুর অফিস •

১৫ ছাত্রের শান্তি প্রত্যাহারের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আজ বুধবার থেকে ছুটি ঘোষণা করা হয়েছে। এ ছাড়া আরও সর্বমোট ১০টার মধ্যে শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে। তবে কর্তৃপক্ষের এই সিদ্ধান্তের প্রতিবাদে শিক্ষার্থীরা গতকাল মঙ্গলবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে উপাচার্যসহ একাডেমিক কাউন্সিলের সদস্যদের অবরোধ করে রাখেন।

জানা গেছে, পূর্বঘোষণা অনুযায়ী শিক্ষার্থীরা গতকাল সর্বমোট ১০টার একাডেমিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট শুরু করে। এ সময় সেখানে বক্তা দেন কৃষি অনুষদের ছাত্র দেবদাস মহন্ত, অজিত কুমার দাস, শামীম আহমেদ, অমিত কুমার প্রমুখ। তাঁরা ১৫ ছাত্রের শান্তি প্রত্যাহারের দাবি জানান। দুপুর একটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এস এম হারুন-উর-রশিদ ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে ধর্মঘট প্রত্যাহারের আবেদন জানান। কিন্তু শিক্ষার্থীরা শান্তি প্রত্যাহার না করা পর্যন্ত তাঁরা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। পরে দুপুর দুইটার দিকে তাঁরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করেন।

বেলা তিনটার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম আফজাল হোসেনের সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের জরুরি সভা হয়। সভায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ৮ জুলাই পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে ঐক্যবন্দী ছুটি ঘোষণার সিদ্ধান্ত হয়। একই সঙ্গে আজ বুধবার সর্বমোট ১০টার মধ্যে শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয় বন্ধ ও হল ছাড়ার নির্দেশ দেওয়ার পরপরই গতকাল বিকেল থেকে ক্যাম্পাসে বিক্ষোভ শুরু করেন শিক্ষার্থীরা। তাঁরা জানায়, দাবি আদায় না হওয়া পর্যন্ত তাঁরা হল ছাড়বেন না। সন্ধ্যার দিকে একাডেমিক ভবনে অবস্থান নিয়ে বিশ্ববিদ্যালয়ের

উপাচার্য এম আফজাল হোসেন, প্রক্টর এস এম হারুন-উর-রশিদ, কৃষি অনুষদের তিন প্রতিনিধি ইসলাম মাহমুদ ও বিজ্ঞানের অনুষদের তিন প্রতিনিধি রানম, সিএসই অনুষদের তিন মো. রুফক আফিন ও আইআরটি অনুষদের পরিচালক বদরাম রায়সহ একাডেমিক কাউন্সিলের সদস্যদের অবরোধ করে রাখেন বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এ পরিস্থিতিতে পুলিশের সহযোগিতা চায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। পুলিশ ক্যাম্পাসের বাইরে অবস্থান নেয়। প্রক্টর হারুন-উর-রশিদ রাত আটটার দিকে ঘটনাস্থল থেকে টেলিফোনে প্রথম কলকাতা বলেন, 'পুলিশ এখনো ক্যাম্পাসের বাইরে আছে। তবে প্রয়োজন হলে পুলিশ ক্যাম্পাসে ঢুকে ব্যবস্থা নেবে।'

দিনাজপুর কেডেভারালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইকবাল হাদান গতকাল রাত নয়টার দিকে প্রথম কলকাতা বলেন, পুলিশ বিশ্ববিদ্যালয়ের প্রধান চটকের বাইরে অবস্থান করছে। নির্দেশ পেলেই পুলিশ ভেতরে ঢুকে অবরুদ্ধ শিক্ষকদের মুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। ছাত্রদের শান্তি প্রত্যাহারের দাবির বিষয়ে প্রক্টর বলেন, ছাত্রদের অভিভাবকেরা কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদন করতে পারেন। সেই আবেদন রিভল্ট বোর্ডের সভায় আলোচনা হতে পারে। রিভল্ট বোর্ড চাইলে ছাত্রদের সাজা কমাতে বা যাক করতে পারে।

১৬ মে বিশ্ববিদ্যালয়ের জেটরিনারি অনুষদের ক্যাম্পাসের ব্যাগানের গাছ থেকে শিউ পাড়তে কেহ্র করে দুই হল ছাত্রের মধ্যে সংঘর্ষের ঘটনায় ১০ জন ছাত্রকে বিভিন্ন মেয়াদে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার ও জরিমানা করে কর্তৃপক্ষ। এ ছাড়া ২৯ মে বিশ্ববিদ্যালয়ে আইটি উৎসব পও করার ঘটনায় একাডেমিক ভবনে তলা দেওয়া ও শিক্ষকদের লাঞ্চিত করার অভিযোগে অ্যাড্বো ইন্ডস্ট্রিয়াল ও ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং অনুষদের শেষ বর্ষের পাঠকন ছাত্রকে মাইনাস পড়ার সুযোগ থেকে বঞ্চিত ও বৃত্তি কেটে দেওয়ার সিদ্ধান্ত নেয় কর্তৃপক্ষ।